

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
ডায়েরী নং: ০২ তারিখ: ০৬/০৬/১৯
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার-১
সহকারী প্রোগ্রামার-২
সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
ব্যক্তিগত কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
প্রশাসন অধিশাখা-৪
www.plandiv.gov.bd

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
২৮ মে, ২০১৯ খ্রিঃ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব নরেন্দ্র কুমার বিশ্বাস, পরিকল্পনা বিভাগের পিটি শাখায় অফিস সহায়ক পদে কর্মরত থাকাকালীন প্রশাসন অধিশাখা-৪ কর্তৃক গত ১২/০৭/২০১৬ হতে ১১/০৯/২০১৬ তারিখ পর্যন্ত ০২ (দুই) মাসের অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। উক্ত ছুটির মেয়াদ অতিক্রান্ত হলেও পরবর্তীতে তিনি নিজ কর্মস্থলে যোগদান না করায় ১২/০৯/২০১৬ তারিখ থেকে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ)] মোতাবেক ডিজারশন এর অভিযোগে অভিযুক্ত হওয়ায় ০২/১০/২০১৮ তারিখে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা তাঁর স্থায়ী ঠিকানায় (জনাব নরেন্দ্র কুমার বিশ্বাস, অফিস সহায়ক, পিতাঃ বিপিন চন্দ্র বিশ্বাস, গ্রামঃ চান্দারগাঁও, ডাকঘরঃ বিশ্বম্ভরপুর, উপজেলাঃ বিশ্বম্ভরপুর, জেলাঃ সুনামগঞ্জ) রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগনামার কোন জবাব প্রদান এবং ব্যক্তিগত শুনানীর ব্যাপারে আগ্রহ প্রকাশ না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য ১৪/০৬/২০১৮ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ)] মোতাবেক পলায়ন (ডিজারশন) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন পাওয়া যায়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী কোন লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী না দেওয়ায় তাঁর বিভাগীয় মামলার নথিপত্র পর্যালোচনা এবং তদন্ত প্রতিবেদন মোতাবেক ১২/০৯/২০১৬ হতে ২৯/১১/২০১৮ তারিখ পর্যন্ত, (৮০৮ দিন) বা অদ্যাবধি পর্যন্ত ততোধিককাল কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ)] ও একই বিধিমালার (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) [বর্তমান (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ)] মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে ১২/০৯/২০১৬ তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণের পরিপ্রেক্ষিতে অফিস সহায়ক জনাব নরেন্দ্র কুমার বিশ্বাসকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ তাঁর স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয়; এবং


যেহেতু, অভিযুক্ত কর্মচারী নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) [বর্তমান (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ)] অনুযায়ী পলায়ন (ডিজারশন) এর অভিযোগে ১২/০৯/২০১৬ থেকে ২৯/১১/২০১৮ তারিখ পর্যন্ত (৮০৮ দিন) বা অদ্যাবধি পর্যন্ত ততোধিককাল কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির জন্য একই বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) [বর্তমান বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ)] মোতাবেক তাঁকে গুরুদণ্ড আরোপ করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২/০৯/২০১৬ থেকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

সেহেতু, অফিস সহায়ক জনাব নরেন্দ্র কুমার বিশ্বাস-কে, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) [বর্তমান সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ)] মোতাবেক গুরুদণ্ড আরোপ করে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ ১২/০৯/২০১৬ খ্রি: থেকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(ফৌজিয়া জাফরীন)
অতিরিক্ত সচিব
ফোন: ৯১৮০৭৬৩


জনাব নরেন্দ্র কুমার বিশ্বাস
অফিস সহায়ক
পিতাঃ বিপিন চন্দ্র বিশ্বাস
গ্রামঃ চান্দারগাঁও, ডাকঘরঃ বিশ্বম্ভরপুর
উপজেলাঃ বিশ্বম্ভরপুর, জেলাঃ সুনামগঞ্জ।

নং-২০.০০.০০০০.৩০৫.৩২.২৪১.১৩-৯৬০(৮)

১৪ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ ২৮ মে, ২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (বাজেট ও আইটি), পরিকল্পনা বিভাগ।
- ২। যুগ্ম-সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ।
- ৩। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হল)।
- ✓ ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। সচিব এর একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, সিজিএ ভবন, ফেজ-৩, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ।
- ৮। অফিস কপি।


(নেওয়াজ হোসেন চৌধুরী)
উপসচিব